

AC(G)
২২/১০/২০২৩

AC(G)

২২/১০/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ০৩ কার্তিক ১৪৩০/ ১৯ অক্টোবর ২০২৩

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.২২.৮২ — সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, গাজাসহ ফিলিস্তিনের অন্যান্য স্থানে ইসরায়েলি দখলদার বাহিনীর সাম্প্রতিক বর্বরোচিত হামলায় ফিলিস্তিনি নাগরিকদের মৃত্যুতে রাষ্ট্রীয় শোক পালন করা হবে। এ উপলক্ষ্যে:-

(ক) আগামী ২০ অক্টোবর ২০২৩ তারিখ শুক্রবার বাদ-জুমা নিহতদের আত্মার শান্তি ও আহতদের সুস্থতার জন্য বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে।

(খ) অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

(গ) আগামী ২১ অক্টোবর ২০২৩ তারিখ শনিবার বাংলাদেশের সকল সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(সাধারণ শাখা)

www.natore.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৬৯০০.০০৬.৯৯.০০৬.১৯.৬৬৪

তারিখ: ০২ কার্তিক, ১৪৩০
১৯ অক্টোবর, ২০২৩

মন্ত্রিপরিষদ বিভাগের ১৯/১০/২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.২২.৮২ নং প্রজ্ঞাপনটি সদয় অবগতি ও প্রজ্ঞাপনটির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা করা হলো।

মোঃ রেজওয়ানুল হক

সহকারী কমিশনার

জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর

ফোন: +৮৮০২৫৮৮৮৭২২৮৭

E-mail: acgennatore@mopa.gov.bd

প্রাপক,

....., নাটোর